গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০২.১৯/২২৬ তারিখ: ১৪/০৮/২০২৫ খ্রি.।

**বিষয়: কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো/ অফ-ডকসমূহে আমদানি পণ্য স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারীর নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা।**

সূত্র: ১. জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০২.১৯/৮০৬, তারিখ: ০৮/০৪/২০২৫ খ্রি.;
২. জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং-০৮.০১.০০০০.০৫৬.০৩.০০১.১৯/১৫৫, তারিখ: ১৭/০৭/২০২৫ খ্রি.।

চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম অবিঘ্নিতভাবে পরিচালনা এবং দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে বিভিন্ন সময়ে জারিকৃত আদেশ/ অনুমতিপত্রের মাধ্যমে মোট ৬৫ (পঁয়ষট্টি) ধরণের আমদানি পণ্য কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো/ অফ-ডকসমূহে স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারীর অনুমতি প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান, ব্যবসায়ী সংগঠন এবং অংশীজনবৃন্দ উক্ত আইসিডি/ অফ-ডকসমূহের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান খালাসের ক্ষেত্রে জটিলতা, সময়ক্ষেপণ ও সক্ষমতার ঘাটতির বিষয় উল্লেখ করে প্রতিকার চেয়ে জাতীয় রাজস্ব বোর্ড এ আবেদন করছেন। এ পরিপ্রেক্ষিতে Trade Facilitation এর স্বার্থে নিম্নরূপ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) জাহাজ থেকে যেদিন কন্টেইনার নামবে, সেদিনই অফ-ডকে নিতে হবে;

খ) যদি কোন কারণে একটি লাইন/ পণ্যচালানের সবগুলো কন্টেইনার প্রথম দিনে সুনির্দিষ্ট কারণে অফ-ডকে নিয়ে যাওয়া সম্ভব না হয় তাহলে দ্বিতীয় দিন ঐ নির্দিষ্ট লাইন/ পণ্যচালানের অবশিষ্ট কন্টেইনার অফ-ডকে নেয়া সম্পন্ন করতে হবে। একটি লাইনের/ চালানের সকল কন্টেইনার অফ-ডকে স্থানান্তরের পরেই চার্জ ধার্য করতে হবে; এবং

গ) যদি কোন বিশেষ পরিস্থিতিতে/ সক্ষমতার ঘাটতির কারণে অফ-ডক কর্তৃপক্ষ যথাযথভাবে কন্টেইনার Handle করতে ব্যর্থ হয়; সেক্ষেত্রে কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম নিজ বিবেচনায় 'ডুয়েল ডেলিভারি' অনুমোদন প্রদানের ক্ষমতা সংরক্ষণ করবেন।

০২। সরকারি রাজস্ব সুরক্ষার স্বার্থে বিষয়টি জরুরি বিবেচ্য।

14.08.2025

**[মোঃ আল আমিন]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৩। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৪। প্রশাসক, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
৫। প্রশাসক, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
৬। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
৭। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন, আখতারুজ্জামান সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।